

একজন ভালো প্রতিবেশী হওয়া

You can ask for this leaflet in large print, on audio tape or in another language. Please contact us on 020 8709 4300.

আপনি এই লিফলেটটি বড় ছাপায়, অডিও টেপে বা অন্য যে কোন ভাষায় পেতে পারেন। দয়া করে আমাদের সাথে যোগাযোগ করুন ০২০ ৮৭০৯ ৪৩০০ নম্বরে। [Bengali]

Waxaad dalban kartaa warqaddan oo ku daabacan farta waawayn, iyadoo ku duuban cod ama ku tarjuman luqadaha beesha. Fadlan nagala soo xidhiidh telefoonka ah 020 8709 4300. [Somali]

Możesz poprosić o tę ulotkę drukowaną dużą czcionką, w postaci zapisu audio lub w innym z języków społeczności. Skontaktuj się z nami pod numerem telefonu 020 8709 4300. [Polish]

Quý vị có thể xin tờ rơi (tờ thông tin) này bằng khổ chữ lớn, bằng ghi âm hoặc tiếng nói khác trong cộng đồng. Xin vui lòng liên lạc với chúng tôi, điện thoại số 020 8709 4300. [Vietnamese]

你可要求這份單張的大字印刷本、錄音或其他社區語言的版本，請致電 020 8709 4300 與我們聯絡。 [Chinese]

آپ یہ کتابچہ بڑے حروف، آڈیو یا کسی دوسری کمیونٹی زبان میں طلب کر سکتے ہیں۔ براہ مہربانی ہم سے فون نمبر 020 8709 4300 پر رابطہ کریں۔ [Urdu]



Awarded for excellence



INVESTOR IN PEOPLE



North River Alliance

Gateway Housing Association

409-413 Mile End Road, London, E3 4PB

Residents: 020 8709 4300

General enquiries: 020 8909 4409

Fax: 020 8709 4400

Email: enquiries@gatewayhousing.org.uk

www.gatewayhousing.org.uk

আমরা আপনাদেরকে যে সার্ভিসগুলো প্রদান করব এই লিফলেটের মাধ্যমে সেসম্পর্কে তথ্য প্রদান করা হল। টেন্যান্সি এগ্রিমেন্ট অনুযায়ী আপনার যে অধিকারগুলো আছে এই লিফলেট তাতে কোন পরিবর্তন আনবে না। এই লিফলেটটি তৈরী করতে যে বাসিন্দারা সাহায্য করেছেন তাদেরকে অনেক অনেক ধন্যবাদ।

Being a good neighbour

– Bengali translation

আপনাকে অবশ্যই আপনার টেন্যান্সি চুক্তির শর্তসমূহ মেনে চলতে হবে। এর মধ্যে রয়েছে অন্যদের সাথে সুবিবেচনা ও দায়িত্বপূর্ণ আচরণ করা।

শান্তিপূর্ণভাবে আপনার বাড়িতে বাস করার অধিকার আছে। তবে আপনি অতিরিক্ত শব্দ করতে পারবেন না বা আপনার প্রতিবেশীকে কোনভাবে বিরক্ত করতে পারবেন না। আপনার বাসায় যারা আসেন তারা যাতে যুক্তিসঙ্গত আচরণ করেন তা আপনাকে নিশ্চিত করতে হবে।

আপনার প্রতিবেশীর সাথে কোন সমস্যা থাকলে তাদের সাথে কথা বলুন। অনেক সময় লোকজন বোঝে না যে তারা অন্যদের জন্য সমস্যা সৃষ্টি করছে। ভদ্রভাবে তাদেরকে বলুন যে তারা সমস্যা সৃষ্টি করছে।

একজন ভালো প্রতিবেশী বলতে আমরা এমন কাউকে বুঝি যিনি অন্য মানুষের ভিন্ন জীবনযাত্রা বুঝতে পারেন, নিজেদের বাড়ির যত্ন নেন এবং প্রতিবেশীদেরকে তাদের বাড়িতে শান্তিপূর্ণভাবে থাকতে দেন।

কোন সমস্যা হলে প্রতিবেশীরাই তার সমাধান করতে পারেন। ভদ্র আলোচনার মাধ্যমেই অনেক সময় সমস্যার সমাধান করা যায়। যদি সমস্যা গুরুতর হয় তাহলে আপনি আপনার হাউজিং অফিসারকে ০২০ ৮৭০৯ ৪৩০০ নম্বরে ফোন করতে পারেন। আপনার প্রতিবেশী গেটওয়ের বাসিন্দা না হলেও আপনার হাউজিং অফিসারকে ফোন করা উচিত।

এছাড়াও আমরা 'ভালো প্রতিবেশী চুক্তি' করে থাকি যার মাধ্যমে আপনি এবং প্রতিবেশী ভালো আচরণের ব্যাপারে একমত হতে পারেন এবং চুক্তি অনুযায়ী আচরণের জন্য স্বাক্ষর করতে পারেন।

ভালো প্রতিবেশী হওয়ার ব্যাপারে এখানে কিছু পরামর্শ দেয়া হলো

■ আপনি যদি কোন কিছু করেন যা আপনার প্রতিবেশীদের বিরক্ত করতে পারে বিশেষ করে শব্দে কিছু করলে (যেমন ড্রিলিং, হ্যামারিং অথবা পার্টি দিলে) আগেই তা আপনার প্রতিবেশীকে বলুন।

■ সবসময় আপনার রেডিও, স্টেরিও এবং টিভির শব্দ যুক্তিসঙ্গত মাত্রায় রাখুন। আপনার প্রতিবেশীর সাথে আপনার দেয়াল থাকলে এই যন্ত্রগুলো তার সাথে লাগিয়ে রাখবেন না। এগুলো রাবার ম্যাট অথবা কার্পেটের উপর রাখুন।

■ দিনের একটি যুক্তিসঙ্গত সময়ে আপনার ঘরের কাজকর্ম কিংবা ডিআইওয়াইর কাজ করুন। রাত ৯টা থেকে সকাল ৮টা পর্যন্ত আপনার ঘরের ভেতরে বা ঘরের কাছাকাছি স্থানে শব্দ কম করুন।

■ গভীর রাতে বাসায় ফিরলে শব্দ কম করুন। শব্দ করে দরজা বন্ধ করবেন না, গাড়িতে হর্ন দিবেন না অথবা শব্দ করে কোন বস্তুকে ডাকবেন না।

■ আপনার জন্য যে বিন দেয়া হয়েছে তাতে ঘরের ময়লা আবর্জনা ফেলুন এবং বিন এলাকা পরিচ্ছন্ন রাখুন। আপনার যদি বড় কোন জিনিস থাকে যা আপনি ফেলে দিতে চান, কাউন্সিলকে খবর দিলে বিনা খরচে তারা তা সংগ্রহ করবে।

■ আপনি গাড়ি এমন স্থানে পার্ক করুন যাতে এমার্জেন্সি সার্ভিসের রাস্তা আটকে না যায়। পার্কিং বেতে গাড়ি মেরামত করবেন না অথবা বিপদজনক অবস্থায় কোথাও আপনার গাড়ি রাখবেন না। আপনি বললে কাউন্সিল বিনা খরচে আপনার যান বাহন সরিয়ে ফেলবে (বছরে একটি)।

■ আপনার কোন বাগান থাকলে তা পরিষ্কার পরিচ্ছন্ন রাখুন। অর্থাৎ আপনার বাগানের ময়লা পরিষ্কার করুন এবং ঘাসগুলো ছেটে রাখুন। অপরিচ্ছন্ন বাগান শুধু দেখতেই খারাপ না, আপনি যে এলাকায় থাকেন তার উপর মানুষের খারাপ ধারণা জন্মায়।

■ আপনি কোন প্রাণী পুষলে তা যুক্তিসঙ্গতভাবে পালন করুন। আপনার কোন কুকুর থাকলে খেয়াল রাখবেন যাতে তা বেশি সময় ধরে না ডাকে। বেশি সময় ঘরের বাইরে থাকলে আপনার কুকুরকে একা ফেলে রেখে যাবেন না। জন সাধারণের এলাকায় আপনার পোষা প্রাণী নিয়ন্ত্রণ করা এবং কোন ময়লা করলে তা পরিষ্কার করার দায়িত্ব আপনার।

■ আপনার এবং আপনার সন্তানের খেলাধুলার অভ্যাস যা অন্যদের প্রভাবিত করতে পারে তার প্রতি খেয়াল রাখবেন।

মনে রাখবেন, আপনি প্রতিবেশীর কাছ থেকে যে আচরণ আশা করেন তেমনি করেই আপনি তাদের সাথে সুবিবেচনাপূর্ণ আচরণ করবেন।